দৈনিক ইনকিলাব

তারিখ 01 FEB 2008

পৃষ্ঠা ১২ কলাম ৫

*ইফা'র বইমেলা উদ্বোধন*

# দুর্নীতি উচ্ছেদে বড় কেন্দ্র হবে মসজিদগুলোই

*-ধর্ম উপদেষ্টা*

স্টাফ রিপোর্টার—

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, ভূমি ও ধর্ম মন্ত্রণালয়ের উপদেষ্টা এ এফ হাসান আরিফ বলেছেন, শুধু দুর্নীতি দমন বিভাগ দিয়েই দুর্নীতি দমন সম্ভব নয়। ধর্মীয় অনুশাসনই দুর্নীতি প্রতিরোধে সক্ষম। আড়াই লাখ মসজিদের ইমামগণ যদি তাদের জ্ঞানের আলো ছড়িয়ে দেন তাহলে সমাজে দুর্নীতি, অবিচার থাকবে না। ধর্ম উপদেষ্টা বলেন, দুর্নীতি উচ্ছেদের জন্য মসজিদগুলোই হবে বড় কেন্দ্রবিন্দু। বিদেশীরা আর যাতে আমাদের দুর্নীতির দেশ বলে অপবাদ দিতে না পারে সেজন্য পৃঃ ৮ঃ কঃ ৫

## দুর্নীতি উচ্ছেদে বড় কেন্দ্র

*১২-এর পৃষ্ঠার পর*

ধর্মীয় অনুশাসন মেনে চলতে হবে। ধর্ম উপদেষ্টা এ এফ হাসান আরিফ গতকাল বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর চত্বরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে ৬৭ দিনব্যাপী ইসলামী বইমেলা উদ্বোধনকালে এ কথা বলেন।

ধর্ম উপদেষ্টা বলেন, একজন মুসলমানের অবশ্যই জ্ঞান অর্জন করতে হবে। কারণ পবিত্র কুরআনের প্রথম শব্দ 'পড়'। আর এ জন্য বই পড়ার প্রতি মানুষের আগ্রহ সৃষ্টিতে কাজ করতে হবে। তিনি উপমহাদেশে বাংলা ভাষায় ইসলামী প্রকাশনার ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশনের ভূয়সী প্রশংসা করেন। তিনি বিদেশী ভাষায় রচিত মৌলিক ইসলামী পুস্তকসমূহের অনুবাদের মাধ্যমে ইসলামী প্রচার-প্রসারে ব্যাপকভাবে অবদান রাখার আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে ধর্ম সচিব মুহম্মদ আতাউর রহমান ও ইফা'র ডিজি মোঃ ফজলুর রহমানসহ অন্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ধর্ম উপদেষ্টা ইসলামী বইমেলার বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখেন।